প্রথমঃ সে আসলী কাফির হবে। যেমন ইহুদী, খ্রিষ্টান, বৌদ্ধ ও অন্যান্যরা। এই ব্যক্তির কুফর স্পষ্ট প্রকাশ্য। যে ব্যক্তি তাকে কাফির সাব্যস্ত না করবে অথবা তার কুফরিতে সন্দেহ পোষণ করবে অথবা তার মতবাদকে সঠিক মনে করবে সে কাফির হয়ে যাবে এবং এই কারণেই মিল্লাতে ইসলাম থেকে বের হয়ে যাবে।

দ্বিতীয়ঃ সে মুসলিম হবে অতঃপর সে এমন ভঙ্গের কারণ সম্পাদন করবে যা তাকে ইসলাম থেকে বের করে দিবে। অথচ সে মনে করে তার ইসলামের উপর সে টিকে আছে। যদি সে ইসলাম ভঙ্গের কারণসমূহের মধ্য থেকে সুস্পষ্ট কোন কারণ সম্পাদন করে এবং যে ব্যাপারে ইসলামের ইমামগণের নিকট ইজমা রয়েছে - যেমন যে ব্যক্তি নাবী ﷺ কে নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করে অথবা তাকে গালি দেয় অথবা এমন কোন বিষয়কে অস্বীকার করে যা দ্বীনে ইসলাম থেকে আবশ্যকীয়ভাবে জানা যায়।

এই ব্যক্তিকে তাকফির করা থেকে বিরত থাকা ব্যক্তি দুই অবস্থা থেকে খালি নয়ঃ

প্রথমঃ সে নাওয়াক্বীদুল ইসলামের (ইসলাম ভঙ্গের কারণসমূহ) মধ্য থেকে যেটাতে পতিত হয় সেটা ইসলাম ভঙ্গের কারণ হওয়ার ব্যাপারে সে অস্বীকার করে। তাহলে তার উপর হুজ্জাত প্রতিষ্ঠা হওয়ার পর তার হুকুম ইসলাম ভঙ্গের কারণ সম্পাদনকারীর মতই হবে।

দ্বিতীয়ঃ নাওয়াক্বীদুল ইসলামের মধ্য থেকে যেটাতে সে পতিত হয় সেটা ইসলাম ভঙ্গের কারণ হওয়ার ব্যাপারে সে স্বীকৃতি দেয় কিন্তু সে তার উপর উজরের উপস্থিতির সম্ভাব্যতার জন্য তাকে তাকফির করা থেকে সতর্ক থাকে। তাহলে তাকে তাকফির করা হবে না।

একটি গুরুত্বপূর্ণ দ্রষ্টব্যঃ এই ভঙ্গের কারণে আমাদের আলোচনা থেকে ঐ সকল মাস'আলাসমূহ বের হয়ে যাবে যেগুলোর ব্যাপারে ইসলামের ইমামগণের নিকট ইখতিলাফ রয়েছে। যেমন সালাত পরিত্যাগ করা, অথবা যাকাত অথবা সিয়াম অথবা হজ্জ পরিত্যাগ করা। সুতরাং এই ভঙ্গের অধিনে যে হুকুমগুলো আমরা বর্ণনা করেছি সেগুলোর আলোকে এই মাস'আলাসমূহ ধরা হবে না।

একটি গুরুত্বপূর্ণ মাস'আলাঃ কাফির যে গুণে গুণান্বিত সে ব্যাপারে কি তার প্রশংসা করা যাবে? যেমন তার ব্যাপারে সত্যবাদীতার প্রশংসা করা অথবা তার ব্যাপারে দানশীলতার প্রশংসা করা অথবা তার ব্যাপারে সাহসিকতার প্রশংসা করা। এই প্রশংসা করা কি তার কুফরকে সঠিক সাব্যস্ত করার মধ্যে অন্তর্ভুক্ত হবে?

এর উত্তর দুই অবস্থা থেকে খালি নয়ঃ

প্রথমঃ তোষামোদি এবং প্রশংসার ক্ষেত্রে অতিরঞ্জন করা ব্যতীত কাফির যে গুণে গুণান্বিত সে ব্যাপারে তার প্রশংসা করাতে কোন সমস্যা নেই। যেমন আমরা হাতিম ইবনে আব্দুল্লাহ আত-ত্বঈর ব্যাপারে দানশীলতার প্রশংসা করি এবং আমরা আনতারাহ ইবনে শাদ্দাদের ব্যাপারে সাহসিকতার প্রশংসা করি অথচ তারা মুশরিকদের অন্তর্ভুক্ত।

দ্বিতীয়ঃ তাদের প্রশংসা করা, তাদের তোষামোদি করা এবং তাদের মতবাদ, কথা ও কর্মসমূহকে সঠিক সাব্যস্ত করা কিছু মানুষকে এমন স্থানে পৌঁছে দেয় যে, -আল্লাহর কাছে আশ্রয় চাই- তাদেরকে মুসলিমদের উপর প্রাধান্য দেয় এবং তাদেরকে মুসলিমদের থেকে উত্তম মনে করে। সুতরাং এর সবগুলোই রিদ্দাহ। হাদিসে রয়েছে যা দারে কুতনী বর্ণনা করেছেন এবং ইবনে হাজার ও আলবানী হাসান বলেছেন। ইবনে আব্বাসের হাদিস - তিনি বলেন, আবু সুফিয়ান ইসলাম গ্রহণ করার পূর্বে তার সাথে অন্য একজন সাহাবী ছিল। অতঃপর একজন সাহাবী বলল, আবু সুফিয়ান এবং অমুক এসেছে। ফলে রাসুল ﷺ বললেন, "ইসলাম উঁচু থাকবে এবং তার উপর (কোন কিছু) উঁচু থাকবে না। অতঃপর তিনি তাকে মুসলিমদের উপর কাফিরের নাম অগ্রগামী করতে নিষেধ করেছেন।"

আর কাফিরের যে প্রশংসা করার মাঝে সম্মান করা ও মর্যাদা দেওয়ার ধরন থাকে সেটা ওয়ালার (বন্ধুত্ব করার) অন্তর্ভুক্ত হবে এবং রব عَزَّوَجَلَّ কে অসন্তুষ্ট করবে। যেমন বলা হয়, হে সাইয়্যিদ (নেতা) অথবা ইয়া মিস্তার। মিস্তার সাইয়্যিদের স্থলাভিষিক্ত। কারণ আরবি ভাষায় এর অর্থ হল সাইয়্যিদ। নাসাঈতে কাতাদাহ'র হাদিস বর্ণিত হয়েছে তিনি আব্দুল্লাহ ইবনে বুরাইদাহ তিনি তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আল্লাহর রাসুল ﷺ বলেন, "তোমরা মুনাফিককে সাইয়্যিদ (নেতা) বল না। কেননা সে যদি তোমাদের নেতা হয় তাহলে তোমরা তোমাদের রব عَزَّوَجَلَّ কে অসন্তুষ্ট করবে।"

তাই এই বিষয়টি জায়েয নেই। এটা ওয়ালার একটি প্রকার হিসেবে গণ্য করা হয় এবং আলেমগণের মতভেদ অনুযায়ী এটা কবিরাহ গুনাহ অথবা ছোট কুফর হবে।

লেখক رحمه الله বলেন,

“ইসলাম ভঙ্গের চতুর্থ কারণঃ

যে ব্যক্তি এই বিশ্বাস করে, নাবী ﷺ এর হিদায়াত (পথ) থেকে অন্য পথ পূর্ণাঙ্গতর অথবা তার বিধান থেকে অন্য বিধান উত্তম সে সকলের ঐক্যমতে কাফির হয়ে যাবে। যেমন তারা আল্লাহ এবং তার রাসুলের বিধানের উপর তাগুতদের বিধানকে প্রাধান্য দেয়।”

ব্যাখ্যাঃ

কোন সন্দেহ নেই যে, মুহাম্মাদ ﷺ এর হিদায়াত (পথ) সর্বশ্রেষ্ঠতর হিদায়াত। কারণ তা এমন ওহী যা তার নিকট ওহী করা হয়েছে। যেমন আল্লাহ جل وعلا বলেন,

﴿ إِنْ هُوَ إِلَّا وَحْيٌ يُوحَىٰ ﴾

“তা কেবলমাত্র ওহী, যা তার প্রতি ওহীরূপে প্রেরণ করা হয়।”[36]

নাবী ﷺ জুমআর খুতবায় বলতেন, “অতঃপর, নিশ্চয়ই সর্বোত্তম কথা হল আল্লাহর কিতাব এবং সর্বোত্তম পথ হল মুহাম্মাদের পথ।”[37]

যে সকল আলেমগণের ইজমা গণ্য করা হয় তারা এ ব্যাপারে ঐক্যমত (ইজমা) হয়েছেন যে, নিশ্চয়ই সুন্নাহ ইসলামী আইন প্রণয়নের মূলনীতিসমূহের দ্বিতীয় মূলনীতি (উসুল) এবং বিধান প্রনয়নের ক্ষেত্রে সুন্নাহ স্বতন্ত্র। তা হালাল করা এবং হারাম করার ক্ষেত্রে কুরআনের মতই।

সুতরাং যে ব্যক্তি বিশ্বাস করবে, এখানে এমন হিদায়াত বা পথ রয়েছে যা নাবী ﷺ এর পথ থেকে শ্রেষ্ঠতর অথবা এখানে এমন বিধান রয়েছে যা তার বিধান থেকে উত্তম তাহলে সে কাফির হয়ে যাবে।

এর দলিল হলঃ সে এই সাক্ষ্য দেয়নি যে, মুহাম্মাদ আল্লাহর রাসুল। কেননা “মুহাম্মাদ আল্লাহর রাসুল” সাক্ষ্য দেওয়া তিনি যা আদেশ করেছেন সে বিষয়ে তার আনুগত্য করা, তিনি যা সংবাদ দিয়েছেন সে বিষয়ে তাকে সত্যায়ন করা, তিনি যা থেকে নিষেধ করেছেন ও বারণ করেছেন তা বর্জন করা এবং তিনি যে বিধান দিয়েছেন সে ব্যাপারে শুধুমাত্র আল্লাহর ইবাদাত করাকে দাবি করে।

এমনকি যদি সে বিশ্বাস করে, এখানে এমন হিদায়াত বা পথ রয়েছে যা নাবী ﷺ এর হিদায়াতের (পথের) সমান অথবা সেখানে এমন বিধান রয়েছে যা নাবী ﷺ এর বিধানের অনুরূপ সে কাফির হয়ে যাবে।

---

[36] সুরা নাজম-০৪

[37] মুসলিমে বর্ণিত

এমনিভাবে যদি সে বিশ্বাস করে, নাবী ﷺ এর পথ উত্তম এবং তার বিধান শ্রেষ্ঠতর কিন্তু সে বলে, রাসুলের পথ ব্যতীত অন্য পথ অনুসরণ করা জায়েয এবং রাসুলের বিধান ব্যতীত অন্য বিধানের নিকট বিচার চাওয়া জায়েয তাহলে সেও কাফির হয়ে যাবে।

কিভাবে রাসুল ﷺ এর পথ থেকে অন্য কারো পথ শ্রেষ্ঠতর হতে পারে? অথচ নাবী ﷺ থেকে বর্ণিত হয়েছে তিনি বলেছেন, "ঐ সত্তার কসম যার হাতে আমার জীবন - যদি মুসা তোমাদের মাঝে থাকত অতঃপর তোমরা আমাকে ছেড়ে তাকে অনুসরণ করতে তাহলে অবশ্যই তোমরা দূরবর্তী পথভ্রষ্ট হতে।"

আল্লাহ ﷻ এই উম্মাতের উপর অনুগ্রহ করে তাদের জন্য দ্বীনকে পরিপূর্ণ করে দিয়েছেন এবং তিনি তাদের উপর নি'আমাতকে পরিপূর্ণ করে দিয়েছেন। আর এটা মুহাম্মাদ ﷺ এর মাধ্যমেই হয়েছে।

নাবী ﷺ যে দ্বীন নিয়ে এসেছেন তা হল পরিপূর্ণ দ্বীন যা আল্লাহ তার বান্দাদের জন্য পছন্দ করেছেন। এবং তিনি এটা ছাড়া বান্দাদের থেকে কিছুই গ্রহণ করবেন না।

তিনি তা'আলা বলেন,

﴿ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الإِسْلاَمَ دِينًا ﴾

"আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করলাম এবং তোমাদের উপর আমার নি'আমত সম্পূর্ণ করলাম। আর তোমাদের জন্য ইসলামকে দ্বীন হিসেবে পছন্দ করলাম।"[38]

তিনি তা'আলা বলেন,

﴿ إِنَّ الدِّينَ عِنْدَ اللّهِ الإِسْلاَمُ ﴾

"নিশ্চয় আল্লাহর নিকট একমাত্র দ্বীন হল ইসলাম।"[39]

তিনি তা'আলা বলেন,

﴿ وَمَنْ يَبْتَغِ غَيْرَ الإِسْلاَمِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ ﴾

"আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন তালাশ করে, তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না। এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।"[40]

---

[38] সুরা মায়িদাহ-০৩

[39] সুরা আলে ইমরান-১৯

[40] সুরা আলে ইমরান-৮৫

সুতরাং প্রত্যেক এমন ব্যক্তি যে এই দ্বীন ব্যতীত অন্য দ্বীন কামনা করে সে কাফিরদের অন্তর্ভুক্ত।

আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত বিচার-ফায়সালা করার মাস'আলাঃ

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ ﴾

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান দিয়ে বিচার-ফায়সালা করে না তারা কাফির।"[41]

তিনি তা'আলা বলেন,

﴿ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴾

"বিধান দেওয়ার ক্ষমতা কেবলই আল্লাহর। তিনি আদেশ করেছেন যে, তোমরা কেবলমাত্র তারই ইবাদাত করবে। এটাই সুদৃঢ় দ্বীন। কিন্তু অধিকাংশ মানুষ জানে না।"[42]

তিনি তা'আলা বলেন,

﴿ أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ ﴾

"তারা কি জাহিলিয়্যাতের বিধান কামনা করে? আল্লাহ অপেক্ষা বিশ্বাসীদের জন্য উত্তম ফায়সালাকারী কে?"[43]

প্রত্যেক মুসলিম পুরুষ এবং মুসলিম নারীর জন্য এটা জানা উচিৎ যে, আল্লাহ এবং তার রাসুলের বিধান অন্য সকল বিধানের উপর অগ্রগণ্য। সুতরাং মানুষের মাঝে যে বিষয়ই সংঘটিত হোক এর প্রত্যাবর্তনস্থল হল একমাত্র আল্লাহ এবং তার রাসুলের বিধানের নিকট। তাই যে ব্যক্তি আল্লাহ এবং তার রাসুলের বিধান ব্যতীত অন্য বিধানের নিকট বিচার চায় সে কাফির। যেমনটি আল্লাহ তার কিতাবে উল্লেখ করেছেন।

তিনি তা'আলা বলেন,

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبْلِكَ يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ

[41] সুরা মায়িদাহ-৪৪

[42] সুরা ইউসুফ-৪০

[43] সুরা মায়িদাহ-৫০

وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا ۝

"আপনি কি তাদেরকে দেখেননি, যারা মনে করে, আপনার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে তারা সে বিষয়ের উপর ঈমান আনে, তারা তাগুতের কাছে বিচার চায় অথচ তাদেরকে আদেশ করা হয়েছে তারা যেন তাকে অস্বীকার করে। পক্ষান্তরে শয়তান তাদেরকে প্রতারিত করে পথভ্রষ্ট করে ফেলতে চায়।"[44]

তিনি جَلَّ وَعَلَا এর এ কথা বলা পর্যন্ত -

﴿ فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴾

"অতএব, আপনার রবের কসম, ততক্ষণ পর্যন্ত তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে ন্যায়বিচারক বলে মনে করে। অতঃপর আপনার মীমাংসার ব্যাপারে তাদের নিজের মনে কোন রকম সংকীর্ণতা পাবে না এবং তা হৃষ্টচিত্তে কবুল করে নেবে।"[45]

আমি স্বয়ং আল্লাহর কসম করে বলছি, তারা মু'মিন হবে না যতক্ষণ না তারা তিনটি বিষয় আঁকড়ে ধরেঃ

১. তারা সকল ক্ষেত্রে রাসুল ﷺ কে বিচারক বানাবে।

২. তিনি যে ফায়সালা দিবেন সে ব্যাপারে তারা তাদের মনে কোন প্রকার সংকীর্ণতা পাবেনা।

৩. তারা তার বিধানের নিকট পরিপূর্ণ আত্মসমর্পণ করবে।

আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত বিচার-ফায়সালা করার কিছু চিত্র নিম্নেঃ

- আল্লাহর বিধানের উপর আল্লাহর বিধান ব্যতীত অন্য বিধানকে প্রাধান্য দেওয়া।
- আল্লাহর বিধানের সাথে আল্লাহর বিধান ব্যতীত অন্য বিধানকে সমান করা।
- আল্লাহর আইন ব্যতীত অন্য আইনের নিকট মানুষের বিচার চাওয়াকে বৈধতা দেওয়া।
- মানুষের এমন বিধান চালু করা যার সাথে আল্লাহর বিধান প্রতিদ্বন্দ্বী হয়।
- প্রবৃত্তির কারণে নির্ধারিত কোন ঘটনায় আল্লাহর বিধান ব্যতীত অন্য বিধান দ্বারা বিচার-ফায়সালা

[44] সুরা নিসা-৬০

[45] সুরা নিসা-৬৫

করা যদিও সে বিশ্বাস করে আল্লাহর বিধান অধিক উত্তম।[46]

- এই সুরতগুলোর প্রত্যেকটিই কুফর ও রিদ্দাহ।

আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত বিচার-ফায়সালা করা কুফর ও রিদ্দাহ।

চাই এ বিশ্বাস করা যে, আল্লাহর বিধান অন্য বিধান থেকে উত্তম অথবা নিম্ন অথবা অনুরূপ তা সমান। এ ব্যাপারে হাফিজ ইমাদুদ্দীন ইবনে কাসির رحمه الله ইজমা বর্ণনা করেছেন। যেমন তিনি 'আল-বিদায়া ওয়ান-নিহায়া'তে তাতারদের ঘটনা উল্লেখ করার সময় তা বর্ণনা করেছেন। তারা (তাতাররা) ইয়াসীক্ব দ্বারা বিচার-ফায়সালা করত। এই ইয়াসীক্ব ছিল বিভিন্ন শারীয়াহ'র (আইনের) সমষ্টি। তিনি আহলুল ইলমগণের ইজমা বর্ণনা করেছেন যে, তা আল্লাহর সাথে কুফরি এবং মিল্লাতে ইসলাম থেকে বের করে দেয়।

আর ইবনে আব্বাস رضي الله عنهما থেকে কুফর দুনা কুফর (ছোট কুফর) সম্পর্কে যে কথা বর্ণনা হয়েছে তা তার থেকে প্রমাণিত নয়। হাকিম তার মুস্তাদরেকে হিশাম ইবনে হুজাইরের সনদে তা বর্ণনা করেছেন - তিনি (হিশাম) ত্বউস থেকে, তিনি ইবনে আব্বাস থেকে বর্ণনা করেন। আহমাদ হিশামকে দুর্বল আখ্যায়িত করেছেন। এবং ইবনে মঈন তাকে অত্যন্ত দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনে উআইনা বলেন, আমরা হিশাম ইবনে হুজাইর থেকে গ্রহণ করিনা যতক্ষণ না তা অন্য কারো নিকট পাই। আবু হাতিম বলেন, তার হাদিস লেখা হয় এবং উক্বাইলী তাকে দুর্বলদের মধ্যে উল্লেখ করেছেন।

এব্যাপারে ভিন্নতাও রয়েছে। যা আব্দুর রায্যাক তার তাফসীরে মা'মার থেকে বর্ণনা করেছেন, তিনি ইবনে ত্বউস থেকে তিনি তার পিতা থেকে, তিনি বলেন, ইবনে আব্বাসকে আল্লাহ তা'আলার এ বাণীর ব্যাপারে জিজ্ঞাসা করা হয় -

﴿ وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْكَافِرُونَ ﴾

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান দিয়ে বিচার-ফায়সালা করে না তারা কাফির।"[47]

তিনি বলেন, তার সাথে কুফর রয়েছে। এটাই ইবনে আব্বাস থেকে সংরক্ষিত। অর্থাৎ আয়াতটি মুত্বলাক্ব। আর আয়াতের ব্যাপকতা প্রমাণ করে যে, কুফর দ্বারা উদ্দেশ্য হল বড় কুফর। কারণ কিভাবে এমন ব্যক্তির ব্যাপারে ইসলাম বলা হবে যে শারীয়াহ'কে সরিয়ে দেয় এবং তার বিনিময়ে ইহুদী, খ্রিষ্টান ও

---

[46] শাইখ حفظه الله এতে উদ্দেশ্য করেন,যখন সে পরিবর্তন করা ও আইন প্রণয়ন করার রূপে বিচার-ফায়সালা করবে - আল্লাহ ভালো জানেন- কেননা কোন ঘটনার ক্ষেত্রে প্রবৃত্তি অথবা লোভ অথবা ঘুষের জন্য আল্লাহর বিধান ব্যতীত বিচার-ফায়সালা করা অধিকাংশ আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ'র নিকট মিল্লাহ থেকে বের করে দেয় এমন কুফর নয়। যতক্ষণ না সে পরিবর্তন এবং আইন প্রণয়ন না করে। [শাইখ তুর্কী আল-বান'আলী حفظه الله এর সংযুক্তি]

[47] সুরা মায়িদাহ-৪৪

তাদের অনুসারীদের মতামতকে গ্রহণ করে। সুতরাং এটা নাযিলকৃত বিধানকে পরিবর্তন করার সাথে সাথে পবিত্র শারীয়াহ্ থেকে বিমুখ হওয়া। আর তা স্বতন্ত্র আরেক কুফর।

লেখক رَحِمَهُ ٱللَّٰهُ বলেন,

“ইসলাম ভঙ্গের পঞ্চম কারণঃ

রাসুল ﷺ যা নিয়ে এসেছেন তার কোন বিষয়কে যে ব্যক্তি ঘৃণা করবে -যদিও সে এর উপর আমল করে- সে কাফির হয়ে যাবে।”

ব্যাখ্যাঃ

নাবী ﷺ যে হিদায়াত ও বিধান নিয়ে এসেছেন তার কোন অংশকে যে ব্যক্তি অপছন্দ এবং ঘৃণা করে সে আল্লাহ তা'আলার সাথে কুফরি করে - হোক তা কথা অথবা কাজ তা সমান। এটা মুনাফিকদের বৈশিষ্ট্যসমূহের অন্তর্ভুক্ত - বিশ্বাসগত বড় নিফাক্ব যা এর সম্পাদনকারীকে ইসলাম থেকে বের করে দেয় এবং এর সম্পাদনকারী জাহান্নামের সর্বনিম্ন স্তরে অবস্থান করবে। এই ভঙ্গের কারণটি বর্তমান যুগের অনেক মুনাফিকদের মাঝে বিদ্যমান - যেমন ধর্মনিরপেক্ষতাবাদী, উদারপন্থী এবং পশ্চিমারা যার উপর রয়েছে সে বিষয়ে ধোঁকা খেয়ে যারা তাদের পদাঙ্ক অনুসরণ করে। তারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুযায়ী বিচার-ফায়সালা করাকে অপছন্দ করে। যেমন চোরের হদ, মদপানকারীকে বেত্রাঘাত করা, ইচ্ছাকৃত হত্যাকারীকে হত্যা করা এবং নারীর দিয়ত পুরুষের দিয়তের অর্ধেক। তাই আল্লাহর রাসুল ﷺ আল্লাহর পক্ষ থেকে যা নিয়ে এসেছেন সে বিষয়কে তারা অপছন্দকারী, কাফির, মিল্লাতে ইসলাম থেকে বের হয়ে গেছে।

আল্লাহর শারীয়াহ'র যে বিষয়কে তাদের কেউ অপছন্দ করে যদি সে ঐ বিষয়ের উপর আমল করে তাহলেও এটা তার কোন উপকার করবে না। আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَٱلَّذِينَ كَفَرُوا۟ فَتَعْسًا لَّهُمْ وَأَضَلَّ أَعْمَٰلَهُمْ ۝ ذَٰلِكَ بِأَنَّهُمْ كَرِهُوا۟ مَآ أَنزَلَ ٱللَّهُ فَأَحْبَطَ أَعْمَٰلَهُمْ ﴾

“আর যারা কাফির তাদের জন্য রয়েছে ধ্বংস এবং তিনি তাদের সকল আমল বিনষ্ট করে দিবেন। এটা এজন্য যে, আল্লাহ যা নাযিল করেছেন, তারা তা অপছন্দ করে। ফলে আল্লাহ তাদের কর্ম নিস্ফল করে দিবেন।”[48]

সুতরাং আল্লাহ তার কথার মাধ্যমে তাদেরকে কাফির আখ্যায়িত করেছেন - “আর যারা কাফির” এ কারণে যে, তারা “আল্লাহ যা নাযিল করেছেন তারা তা অপছন্দ করে।” বিষয়টি কুফরি হওয়ার কারণে কোন ভাল আমল তার সাথে অবশিষ্ট থাকবে না। কেননা তিনি সম্পূর্ণরূপে তা বিনষ্ট করে দিবেন। তিনি বলেন,“তিনি তাদের কর্ম নিস্ফল করে দিবেন।”

---

[48] সুরা মুহাম্মাদ ৮-৯

এই মাস'আলায় আমরা "অপছন্দ" সম্পর্কে আলোচনা করব তা কয়েক প্রকারঃ

প্রথমঃ এমন অপছন্দ যা স্বয়ং বিধানের ভিত্তির উপর সংঘটিত হয় না - যে মূলনীতি ও বিধান আমাদের নাবী মুহাম্মাদ ﷺ নিয়ে এসেছেন। তা হল সৃষ্টিগত স্বভাবজাত অপছন্দ যা মানুষের ইচ্ছার বহির্ভূত সংঘটিত হয়। যেমন স্ত্রী তার স্বামী অধিক বিবাহ করুক তা অপছন্দ করা। যেমন জান ও মাল হারানোর ভয়ে মু'মিনদের ক্বিতাল (যুদ্ধ) কে অপছন্দ করা। তিনি তা'আলা বলেন,

﴿ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ ﴾

"তোমাদের উপর ক্বিতাল (যুদ্ধ) কে ফরজ করা হয়েছে অথচ তা তোমাদের জন্য অপছন্দনীয়।"[49]

তোমাদের জন্য অপছন্দ অর্থাৎ তোমাদের উপর কঠিন ও কষ্টসাধ্য। কেননা মুজাহিদ সফরের কষ্ট এবং শত্রুদের যুদ্ধের কারণে হয়তো নিহত হয় অথবা আহত হয়।

এমনিভাবে শীতের দিনে ওযুকারীর ওযু করতে অপছন্দ করা। তিনি ﷺ বলেছেন, "এবং অসুবিধা ও কষ্ট সত্ত্বেও পরিপূর্ণরূপে ওযু করা।"

এটা একটি স্বভাবগত বিষয় যার ক্ষমতা বান্দার নেই। সুতরাং স্ত্রীর অপছন্দ স্বয়ং বিধানের উপর এবং ইসলামে আম বিধানের উপর আরোপিত হয় না। তার স্বামী আরো একটি বিবাহ করুক সে শুধুমাত্র তা অপছন্দ করে। কারণ অধিকাংশ নারীরা তাদের স্বামীদের মাঝে অন্য কারো অংশীদার হওয়াকে মেনে নেয় না।

যোদ্ধা ক্বিতাল (লড়াই) কে অপছন্দ করে। কারণ নফস (আত্মা) কে এর উপরেই সৃষ্টি করা হয়েছে - যেমন জীবনকে ভালবাসা এবং মৃত্যুকে অপছন্দ করা। কিন্তু সে ইসলামে ক্বিতালের মর্যাদাকে স্বীকৃতি দেয়। এটা হল স্বভাবগত অপছন্দ। এর কারণে মানুষকে পাকড়াও করা হবে না। আর এই অপছন্দ করাটা এই ভঙ্গের কারণে আমাদের আলোচনার স্থান নয়।

দ্বিতীয়ঃ এমন অপছন্দ অথবা ঘৃণা যা স্বয়ং বিধানের ভিত্তির উপর সংঘটিত হয়। এই বিধান প্রজ্ঞা ও সঠিকতার বিরোধী। যেমন যে ব্যক্তি সালাতের বিধানকে ঘৃণা করে অথবা যাকাতের বিধান অথবা সিয়ামের বিধান অথবা হজ্জের বিধান অথবা একাধিক বিবাহের বিধানকে ঘৃণা করে অথবা এগুলো অপছন্দ করে। যে ব্যক্তির থেকে বিধানের প্রতি ঘৃণা এবং অপছন্দ করা পাওয়া যাবে সেই ব্যক্তির কুফর ও রিদ্দাহ'র ব্যাপারে ঐক্যমত বর্ণিত হয়েছে। আল-ইক্বনা'র লেখক হাজ্জাওয়ী যেমনটি উল্লেখ করেছেন। আর যেমন আল্লাহ ﷻ সংবাদ দিয়েছেন যে, তিনি ঐ ব্যক্তির আমলসমূহ বিনষ্ট করে দিবেন যে ব্যক্তি আল্লাহর প্রণয়নকৃত বিধানকে অপছন্দ করে। আর এখানে অপছন্দ দ্বারা উদ্দেশ্য হল- এমন অপছন্দ যাতে ঐ বিধানকে প্রত্যাখ্যান করার সংশ্লিষ্টতা থাকে। এমনিভাবে এটাও থাকে - এই বিশ্বাস করা যে, তাতে

[49] সুরা বাকারাহ-২১৬

সঠিক পথ নেই, তাতে হক্ব নেই, তাতে সঠিকতা নেই এবং তাতে সফলতা ও কল্যাণ নেই। সুতরাং এই প্রকারই হল আমাদের আলোচনার কেন্দ্র। আর এর হুকুম হল কুফর ও রিদ্দাহ।

একটি গুরুত্বপূর্ণ সতর্কীকরণঃ

অনেক মানুষের নিকট কোন অসৎ কাজ বর্ণনা করা হয়। অতঃপর সে মেনে নিতে অস্বীকৃতি জানায় এবং আপনি যা বলেছেন তা গ্রহণ করে না। বিশেষকরে অসৎ কাজ সম্পাদন করার সময়। কোন বিস্তারিত ব্যাখ্যা ছাড়া এটাকে রাসুল যা নিয়ে এসেছেন তা অপছন্দকারী হিসেবে তাকে বলা হবে না। কারণ আপনি যে হক্ব বর্ণনা করছেন সে তা গ্রহণ করছে না। একারণে নয় যে, তা হক্ব। বরং সৎ কাজের আদেশ এবং অসৎ কাজ থেকে নিষেধ করার ক্ষেত্রে আপনার মন্দ আচারণের জন্য। যদি আপনার পরিবর্তে অন্য কেউ তার নিকট এসে একই সৎ কাজ তার কাছে বর্ণনা করে তাহলে সে গ্রহণ করবে এবং অনুগত হবে। অথবা সে আপনার থেকে গ্রহণ করছে না - কারণ আপনার মাঝে এবং তার মাঝে কোন ঝামেলা রয়েছে। সুতরাং এই ব্যক্তিকে রাসুল যা নিয়ে এসেছেন তা অপছন্দকারী হিসেবে আখ্যায়িত করা হবে না।

এখানে মানুষের মাঝে এমন রয়েছে - কেউ কেউ পাপ সম্পাদনকারীকে এমন বিষয় চাপিয়ে দেয় যার সাথে সে সংশ্লিষ্ট হয় না। সে দাড়ি মুণ্ডনকারী, টাখনুর নিচে কাপড় পরিধানকারী, মদপানকারী ও অন্যান্যগুলোকে রাসুল ﷺ যা নিয়ে এসেছেন সে বিষয়ের প্রতি 'ঘৃণার সাথে' আরোপ করে দেয়। যেমন দাড়ি ছেড়ে দেওয়ার ব্যাপারে, টাখনুর নিচে কাপড় পরিধান না করার ব্যাপারে আদেশ করা এবং মদপান করা থেকে নিষেধ করা। ফলে সে তাদের বলে, মুহাম্মাদ ﷺ যা নিয়ে এসেছেন সে বিষয়কে যদি তোমরা ঘৃণা না করতে তাহলে তোমরা এই সকল অসৎ কাজ করতে না - এটা একটা বাতিল অভিযোগ। কতক সাহাবীদের থেকে কিছু বিরোধী কাজ পাওয়া গিয়েছিল - যেমন মদপান - কোন সাহাবী তাকে এই অভিযোগ আরোপ করেনি। এমনকি যখন মদপানকারীকে নাবী ﷺ এর নিকট নিয়ে আসা হল তখন কিছু সাহাবী তাকে লা'নত দিচ্ছিল। এবং তিনি বলেন, নেশাগ্রস্থ অবস্থায় তাকে কতবার যে আনা হল! তখন নাবী ﷺ তাকে লা'নত করা থেকে নিষেধ করলেন। এবং তিনি বললেন, "সে আল্লাহ এবং তার রাসুলকে ভালবাসে।"[50]

এই সকল লোকদের অভিযোগ কবিরাহ গুনাহকারীদের ইসলাম থেকে বের করে দেওয়ার দাবি করে। আর এটা আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ'র আক্বীদাহ'র বিপরীত - তা হল কবিরাহ গুনাহকারীরা আল্লাহর ইচ্ছার অধিন। যদি আল্লাহ ইচ্ছা করেন তাহলে তিনি তাদের ক্ষমা করে দিবেন। আর যদি তিনি ইচ্ছা করেন তাহলে তিনি তাদের পাপ অনুযায়ী তাদের শাস্তি দিবেন। অতঃপর তাদের আবাসস্থল জান্নাত।

[50] বুখারী

লেখক رَحِمَهُ ٱللَّٰهُ বলেন,

“ইসলাম ভঙ্গের ষষ্ঠ কারণঃ

রাসুল ﷺ এর দ্বীনের কোন বিষয় অথবা এর প্রতিদান অথবা এর শাস্তি নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা কুফরি। দলিল হল আল্লাহ তা’আলার বাণীঃ

وَلَئِنْ سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ ۚ قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتَهْزِئُونَ ۝ لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ ۚ إِنْ نَعْفُ عَنْ طَائِفَةٍ مِنْكُمْ نُعَذِّبْ طَائِفَةً بِأَنَّهُمْ كَانُوا مُجْرِمِينَ ۝

“আর যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন, অবশ্যই তারা বলবে, আমরা আলাপচারিতা ও খেল-তামাশা করছিলাম। বলুন, আল্লাহ, তার আয়াতসমূহ ও তার রাসুলের সাথে কি তোমরা বিদ্রূপ করছিলে? তোমরা ওজর পেশ করো না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করেছো। আমরা তোমাদের মধ্যে কোন দলকে ক্ষমা করলেও অন্য দলকে শাস্তি দেব, কারণ তারা অপরাধী।”[51]

ব্যাখ্যাঃ

এই ভঙ্গের কারণকে সবচেয়ে বিপজ্জনক ভঙ্গের কারণ হিসেবে গণ্য করা হয়। যে ব্যাপারে অনেক মানুষ নমনীয় আচরণ করে। এমনকি তাদের কেউ কেউ দ্বীনের কিছু নিদর্শনকে উপহাস ও বিদ্রূপের পাত্রে পরিণত করে - আল্লাহর কাছে আশ্রয় চাই - আল্লাহ ঐ ব্যক্তিকে লাঞ্ছনাদায়ক শাস্তির হুমকি দিয়েছেন যে তার আয়াতসমূহ (নিদর্শন) কে উপহাস ও খেলতামাশারূপে গ্রহণ করে। তিনি বলেন,

﴿ وَإِذَا عَلِمَ مِنْ آيَاتِنَا شَيْئًا اتَّخَذَهَا هُزُوًا ۚ أُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ مُهِينٌ ﴾

“আর যখন সে আমার আয়াতসমূহের কিছু জানতে পারে, তখন সে এটাকে উপহাসের ছলে গ্রহণ করে। এদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।”[52]

হুকুমের দিক থেকে “উপহাসমূলক কথা” তিন অবস্থা থেকে খালি নয়ঃ

প্রথমঃ প্রকৃত উপহাস করার জন্য বিশ্বাসগত দিক থেকে উপহাসমূলক কথা বলা। এটা কুফর ও রিদ্দাহ।

[51] সুরা তাওবা ৬৫-৬৬

[52] সুরা জাছিয়া-০৯

দ্বিতীয়ঃ বলার উদ্দেশ্যে বিশ্বাস না করে উপহাসমূলক কথা বলা। এটা কুফর ও রিদ্দাহ। এর উদাহরণ হল তাওবার যে আয়াত নাযিল হয়েছে।

কুফরের দিক থেকে দ্বিতীয়টির চেয়ে প্রথমটি অধিক শক্তিশালী। কেননা সে তার কথা ও বিশ্বাসের মাধ্যমে কুফরি করেছে।

তৃতীয়ঃ জিহ্বা অগ্রবর্তী হয়ে যাওয়া এবং উদ্দেশ্য না থাকা। জিহ্বা অগ্রবর্তী হয়ে যাওয়া এই ভঙ্গের কারণের অন্তর্ভুক্ত নয়।

জিহ্বা অগ্রবর্তী হয়ে যাওয়া ঐ ব্যক্তির ন্যায় যে একটি কথা বলার ইচ্ছা করে কিন্তু তার জিহ্বা অন্য আরেক কথা অতিক্রম করে ফেলে। যেমন বুখারি ও মুসলিমে এসেছে যখন লোকটি তার বাহন পাওয়ার আনন্দে বলল, হে আল্লাহ আপনি আমার বান্দা এবং আমি আপনার রব। সে অধিক আনন্দের কারণে ভুল করেছে। ফলে একারণে তাকে পাকড়াও করা হয়নি। কেননা সে এই কথা বলার উদ্দেশ্য করেনি। বরং তার জিহ্বা অগ্রবর্তী হয়েছে।

আর যে ব্যক্তির থেকে জিহ্বা অগ্রবর্তী হয়ে যাওয়া ছাড়া উপহাসমূলক কথা প্রকাশ পাবে সেই কথা কুফরি কথা হবে - তা বিশ্বাসগত দিক থেকে ইচ্ছাকৃত হোক অথবা না হোক তা সমান। তিনি তা’আলা বলেন,

وَلَئِنْ سَأَلْتَهُمْ لَيَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ ۚ قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتَهْزِئُونَ ﴿٦٥﴾ لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ ۚ إِنْ نَعْفُ عَنْ طَائِفَةٍ مِنْكُمْ نُعَذِّبْ طَائِفَةً بِأَنَّهُمْ كَانُوا مُجْرِمِينَ ﴿٦٦﴾

“আর যদি আপনি তাদেরকে জিজ্ঞাসা করেন, অবশ্যই তারা বলবে, আমরা আলাপচারিতা ও খেল-তামাশা করছিলাম। বলুন, আল্লাহ, তার আয়াতসমূহ ও তার রাসুলের সাথে কি তোমরা বিদ্রূপ করছিলে? তোমরা ওজর পেশ করো না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করেছো। আমরা তোমাদের মধ্যে কোন দলকে ক্ষমা করলেও অন্য দলকে শাস্তি দেব, কারণ তারা অপরাধী।”[53]

এই আয়াত মুনাফিক সম্প্রদায়ের ব্যাপারে নাযিল হয়েছে - তারা রাসুল ﷺ এবং তার সাহাবীগণকে নিয়ে উপহাস করেছিল। ফলে আল্লাহ তাদেরকে কুফরের হুকুম দিয়েছেন। ইবনে জারির এবং অন্যরা হিশাম ইবনে সা’দের হাদিস বর্ণনা করেন, তিনি যায়েদ ইবনে আসলাম থেকে, তিনি আব্দুল্লাহ ইবনে ওমর থেকে বর্ণনা করেন, তিনি বলেন, এক ব্যক্তি তাবুক যুদ্ধের এক মজলিসে বলল, আমরা আমাদের এই কারীদের মত অধিক পেটুক, অধিক মিথ্যাবাদী ও শত্রুদের সাথে সাক্ষাতের সময় অধিক কাপুরুষ আর দেখিনি। তখন মজলিসে উপস্থিত আরেক ব্যক্তি বলল, তুমি মিথ্যা বলেছ, তুমি মুনাফিক, আমি অবশ্যই রাসুলুল্লাহ কে ﷺ তা জানাব। অতঃপর যখন এটা রাসুলুল্লাহ ﷺ এর নিকট পৌঁছালো তখন কুরআন নাযিল হয়েছে। আব্দুল্লাহ ইবনে ওমর বলেন, তখন আমি ঐ মুনাফিক লোকটিকে দেখতে পেলাম যে, সে রাসুলুল্লাহ ﷺ

[53] সুরা তাওবা ৬৫-৬৬

এর উষ্ট্রীর পেছনের দিকে ঝুলে ছিল, পাথর তার উপর ছিটে এসে পড়ছিল। আর সে বলছিল, আমরা তো কেবল আলাপ-আলোচনা ও খেল-তামাশা করছিলাম। তখন রাসুল ﷺ তাকে বলছিলেন,

﴿ قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ تَسْتَهْزِئُونَ ۝ لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُم بَعْدَ إِيمَانِكُمْ ﴾

"বলুন, আল্লাহ, তার আয়াতসমূহ ও তার রাসুলের সাথে কি তোমরা বিদ্রূপ করছিলে? তোমরা ওজর পেশ করো না। তোমরা তো ঈমান আনার পর কুফরী করেছো।"[54]

উপহাস করা বা ঠাট্টা করা দুই প্রকারঃ

প্রথমঃ স্পষ্ট উপহাস করা। যেমন- যে ব্যাপারে আয়াত নাযিল হয়েছে এবং তাদের আলোচনা ও কথা পূর্বে করা হয়েছে "আমরা আমাদের এই কারীদের মত অধিক পেটুক, অধিক মিথ্যাবাদী ও শত্রুদের সাথে সাক্ষাতের সময় অধিক কাপুরুষ আর দেখিনি।"

দ্বিতীয়ঃ অস্পষ্ট উপহাস করা। তা নাড়াচাড়ার মাধ্যমে হয়ে থাকে। যেমন- আল্লাহর কিতাব অথবা তার রাসুল ﷺ এর সুন্নাহ পাঠ করার সময় অথবা আল্লাহর নিদর্শনসমূহের নিকট হাত দ্বারা কটাক্ষ করা এবং কথা প্রকাশ করা। এই প্রকারটি স্বাধীন যার কোন কিনারা নেই।

আল্লাহ এবং নাবী ﷺ কে গালি দেওয়ার বিধানঃ

আল্লাহ এবং নাবী ﷺ কে গালি দেওয়া সকল মুসলিমদের ঐক্যমতে কুফর। এব্যাপারে বিশিষ্ট ব্যক্তিদের একদল ইজমা বর্ণনা করেছেন - যেমন ইসহাক্ব ইবনে রাহাওয়ীহ, মুহাম্মাদ ইবনে সাহনুন, ইবনে আব্দুল বার, কাযী ইয়াজ, সুবুকী, ইবনে তাইমিয়্যাহ এবং এছাড়া অন্যান্যরা।

ইমাম ইবনে ক্বুদামা বলেন, "যে ব্যক্তি আল্লাহ তা'আলাকে গালি দিবে সে কাফির হয়ে যাবে। সে মজাকারী হোক অথবা আন্তরিক হোক তা সমান। এমনিভাবে প্রত্যেক এমন ব্যক্তিও কাফির যে আল্লাহ তা'আলাকে নিয়ে অথবা তার নিদর্শনসমূহকে নিয়ে অথবা তার রাসুলগণকে নিয়ে অথবা তার কিতাবসমূহকে নিয়ে উপহাস করে বা ঠাট্টা করে।

সাহাবীগণকে গালি দেওয়া এবং তাদের নিয়ে উপহাস করার হুকুমঃ

সাহাবীগণকে নিয়ে উপহাস করা এবং গালি দেওয়ার কয়েকটি ধরন রয়েছেঃ

তার মধ্য থেকে হলঃ ঐক্যমতের ভিত্তিতে তা কুফর ও রিদ্দাহ। যেমন ব্যাপকভাবে তাদেরকে উপহাস করা, অথবা সামগ্রিকভাবে তাদেরকে গালি দেওয়া অথবা তাদেরকে নিফাক্ব অথবা রিদ্দাহ'র অপবাদ দেওয়া এবং সামান্য পরিমাণ ব্যতীত এটা তাদের উপর ব্যাপকভাবে করা। যে ব্যক্তি এই কাজ করবে তার কুফরির ব্যাপারে আলেমগণের একদল ইজমা বর্ণনা করেছেন - যেমন ইবনে হাযম আল-আন্দালুসী,

---

[54] সুরা তাওবা ৬৫-৬৬

কাযী আবু ইয়ালা, সামআনী, ইবনে তাইমিয়্যাহ, ইবনে কাসির এবং এছাড়া অন্যান্যরা।

কেননা এই কার্যসম্পাদনকারী তার গালি ও উপহাস করার মাধ্যমে তাদের ব্যক্তিকে উদ্দেশ্য করে না। বরং সে তাদের দ্বীন এবং তাদের সাহচর্য উদ্দেশ্য করে। যেহেতু সে এটা তাদের উপর ব্যাপকভাবে করেছে। আর তারা চরিত্র ও আকৃতিতে ব্যবধানসম্বলিত।

যে ব্যক্তি তাদের একজনের ব্যাপারে পতিত হবে - যেমন সে তাকে তার দ্বীন ও তার সাহচর্যের কারণে গালি দিয়েছে অথবা উপহাস করেছে তার আকৃতি, তার চরিত্র ও তার গঠনের কারণে নয় - সে কাফির হয়ে যাবে।

তার মধ্য থেকে আরো একটি হলঃ তা কুফর নয়। কিন্তু এই উপহাসকারী পাপ, তিরস্কার ও ধমকের উপযুক্ত হবে। যেমন তাদের অল্পসংখ্যককে নিয়ে উপহাস করা, তাদের কাউকে কাপুরুষতার অথবা কৃপণতার অথবা স্বল্প ইলমের অথবা এরকম কিছুর অপবাদ দেওয়া।

আহলুল ইলম এবং সৎ ব্যক্তিদের নিয়ে উপহাস করা দুই প্রকারঃ

প্রথমঃ তাদের ব্যক্তিগত কারণে বিদ্রূপ করা ও উপহাস করা। যেমন তাদের ব্যক্তিগত বৈশিষ্ট্য নিয়ে অথবা চরিত্র নিয়ে উপহাস করা। এই প্রকারটি আল্লাহ তা'আলার এ বাণীর কারণে হারামঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرْ قَوْمٌ مِنْ قَوْمٍ عَسَىٰ أَنْ يَكُونُوا خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءٌ مِنْ نِسَاءٍ عَسَىٰ أَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُنَّ ۖ وَلَا تَلْمِزُوا أَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ ۖ

“হে ঈমানদারগণ, কোন সম্প্রদায় যেন অপর কোন সম্প্রদায়কে বিদ্রূপ না করে, হতে পারে তারা বিদ্রূপকারীদের চেয়ে উত্তম। আর কোন নারীও যেন অন্য নারীকে বিদ্রূপ না করে, হতে পারে তারা বিদ্রূপকারীদের চেয়ে উত্তম। আর তোমরা একে অপরের নিন্দা করো না এবং তোমরা একে অপরকে মন্দ উপনামে ডেকো না।”[55]

দ্বিতীয়ঃ সৎ ব্যক্তিদেরকে তাদের সততার কারণে, আহলুল ইলমগণকে তাদের ইলমের কারণে এবং মুজাহিদদেরকে তাদের জিহাদের কারণে বিদ্রূপ করা ও উপহাস করা। এই প্রকারটি কুফর এবং মিল্লাহ থেকে বের করে দেয় এমন রিদ্দাহ। কারণ এর মাধ্যমে উদ্দেশ্য হচ্ছে আল্লাহর দ্বীন নিয়ে উপহাস করা যা তারা বহন করছে। সুতরাং উপহাসটা তাদের ব্যক্তিগত বৈশিষ্ট্যের উপরে পতিত হবে না। তা তাদের সততা, তাদের ইলম ও তাদের জিহাদের উপর সংঘটিত হবে।

দ্বীন নিয়ে উপহাস করা অধিক বিপজ্জনক হওয়ার কারণে আল্লাহ উপহাসকারীদের সাথে বসা থেকে সতর্ক করেছেন।

[55] সুরা হুজুরাত-১১

তিনি তা'আলা বলেন,

قَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتَابِ أَنْ إِذَا سَمِعْتُمْ آيَاتِ اللَّهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ ۚ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ ۗ إِنَّ اللَّهَ جَامِعُ الْمُنَافِقِينَ وَالْكَافِرِينَ فِي جَهَنَّمَ جَمِيعًا ﴿١٤٠﴾

"তিনি কিতাবে তোমাদের প্রতি নাযিল করেছেন যে, যখন তোমরা শুনবে, আল্লাহর আয়াতকে অস্বীকার করা হচ্ছে এবং তা নিয়ে বিদ্রুপ করা হচ্ছে, তখন তোমরা তাদের সাথে বসো না, যতক্ষণ না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়, নয়তো তোমরাও তাদের মত হবে। মুনাফিক এবং কাফির সবাইকে আল্লাহ জাহান্নামে একত্র করবেন।"[56]

উপহাস করা ভয়াবহতা হওয়ার কারণে ঐ ব্যক্তির হুকুম কি হবে যে উপহাসের মজলিসে অবস্থান করে?

"উপহাসের মজলিসে অবস্থান করার" অবস্থা চার ধরন থেকে খালি নয়ঃ

প্রথমঃ এই উপহাস করাকে বিরোধিতা করা। এই ব্যক্তি প্রতিদান প্রাপ্ত হবে। আর এটাই হক্ব এবং ওয়াজিব (আবশ্যক)।

দ্বিতীয়ঃ উঠে পড়া এবং না বসা।

তিনি তা'আলা বলেন,

﴿ وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ فِي آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ ﴾

"আর আপনি যখন ঐ সকল ব্যক্তিদের দেখেন, যারা আমাদের আয়াতসমূহ সম্বন্ধে উপহাসমূলক আলোচনায় মগ্ন হয়, তখন আপনি তাদের থেকে মুখ ফিরিয়ে নিবেন, যতক্ষণ না তারা অন্য কথাবার্তায় লিপ্ত হয়।"[57]

তিনি তা'আলা বলেন,

وَقَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتَابِ أَنْ إِذَا سَمِعْتُمْ آيَاتِ اللَّهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ ۚ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ ﴿١٤٠﴾

---

[56] সুরা নিসা-১৪০

[57] সুরা আনআম-৬৮

"তিনি কিতাবে তোমাদের প্রতি নাযিল করেছেন যে, যখন তোমরা শুনবে, আল্লাহর আয়াতকে অস্বীকার করা হচ্ছে এবং তা নিয়ে বিদ্রুপ করা হচ্ছে, তখন তোমরা তাদের সাথে বসো না, যতক্ষণ না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়, নয়তো তোমরাও তাদের মত হবে। মুনাফিক এবং কাফির সবাইকে আল্লাহ জাহান্নামে একত্র করবেন।"[58]

হয়তো সে বিরোধিতা করবে অথবা বের হয়ে যাবে যখন সে বিরোধিতা করতে সক্ষম না হবে।

অথবা সে বসে থাকে এবং চুপ থাকে। আর হুকুম সম্পর্কে সে জানে। তাহলে আয়াতের বক্তব্য অনুযায়ী এই ব্যক্তি তাদের মতই কাফির।

তিনি তা'আলার বাণীঃ

﴿ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ ﴾

"নয়তো তোমরাও তাদের মত হবে।"[59]

অথবা সে চুপ থাকে। আর সে উপহাস করার হুকুম সম্পর্কে জানে না। তাহলে তার অজ্ঞতার উজর গ্রহণযোগ্য হবে ঐ ব্যক্তির ন্যায় যে কুফরি যুগ থেকে নতুন এসেছে অথবা যে মরুভূমিতে বেড়ে উঠেছে .... অন্যথায় কোন উজর নেই। কেননা আল্লাহ এবং তার দ্বীনকে সম্মান করা এমন এক বিষয় যার উপর মানুষকে সৃষ্টি করা হয়েছে এবং তাদের নিকট এটা একটি জানা বিষয়।

[58] সুরা নিসা-১৪০

[59] সুরা নিসা-১৪০

লেখক رَحِمَهُ ٱللَّهُ বলেন,

"ইসলাম ভঙ্গের সপ্তম কারণঃ

যাদু করা। এর মধ্যে আরো রয়েছে ঘুরিয়ে দেওয়া এবং নমনীয় করা।[60] সুতরাং যে ব্যক্তি যাদু করবে অথবা যাদুর প্রতি সন্তুষ্ট হবে সে কাফির হয়ে যাবে। দলিল হল আল্লাহ তা'আলার বাণীঃ

﴿ وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّىٰ يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ﴾

"তারা উভয়েই এই কথা না বলে কাউকে শিক্ষা দিত না যে, আমরা নিছক একটি পরীক্ষা, কাজেই তুমি কুফরী করো না।"[61]

ব্যাখ্যাঃ

যাদুর শাব্দিক পরিচয়ঃ যা লুকায়িত থাকে এবং যার উদ্দেশ্য সুক্ষ্ম হয়। এর থেকেই রাতের শেষাংশকে সাহার (ভোর) নামে আখ্যায়িত করা হয়। কারণ এতে সকল কর্মকাণ্ড লুকায়িত থাকে।

পারিভাষিক অর্থে যাদু হলঃ এমন সংকল্প, ঝাড়ফুঁক, গিঠ, প্রতিষেধক ও ধূম্রময় যা অন্তর এবং শরীরসমূহে প্রভাব ফেলে। অতঃপর তা অসুস্থ করে দেয়, হত্যা করে ফেলে এবং ব্যক্তি ও তার স্ত্রীর মাঝে বিচ্ছেদ করে দেয়।

আলেমগণ যাদুর সংজ্ঞা নিয়ে মতভেদ করেছেন। এই মতভেদ হয় যাদুর অভ্যন্তরে এর বিভিন্ন প্রকার ও ধরন আধিক হওয়ার কারণে। এজন্য শানক্বীতি 'আয-ওয়াউল বায়ান' এ বলেন, ''পারিভাষিক অর্থে যাদুর অভ্যন্তরে বিভিন্ন প্রকারের আধিক্যতার কারণে একটি জামী' (সমন্বিত) মানী' (অন্তরায়) সংজ্ঞার মাধ্যমে যাদুর সংজ্ঞা দেওয়া সম্ভব হয় না এবং এ দুইয়ের মাঝে অংশীদারিত্বের পরিমাপ সাব্যস্ত হয় না। কোনটির জন্য তা জামী' হলে অন্যটির জন্য তা মানী' হয়। এ থেকেই যাদুর সংজ্ঞার ব্যাপারে আলেমগণের বর্ণনা বিপরীতমুখী ভিন্ন ভিন্ন হয়েছে।''[62]

---

[60] **ঘুরিয়ে দেওয়া হলঃ** স্বামীকে তার স্ত্রীর থেকে, তার বাড়ি থেকে এবং তার সন্তানাদি থেকে ঘুরিয়ে দেওয়া। সে শক্ত হৃদয়ের অধিকারী হয়ে যায়। ফলে বিচ্ছিন্নতাকে পছন্দ করে এবং এক সাথে থাকা অপছন্দ করে।
নমনীয় করা হলঃ ঘুরিয়ে দেওয়ার বিপরীত। তাকে কোন নারীর প্রতি নমনীয় করে দেওয়া হয় - হোক সে তার স্ত্রী অথবা অন্য কেউ। ফলে সে ঐ নারীর জন্য অনুগত দাসে পরিণত হয়। এবং কোন নারীর থেকে ঘুরিয়ে অন্য আরেক নারীর প্রতি নমনীয় করা হয়। [মাকতাবাতুল বায়্যিনাতের সংযুক্তি]

[61] সুরা বাকারাহ-১০২

[62] আয-ওয়াউল বায়ান-৪/৪৪৪

অধিকাংশ আহলুল ইলমগণের নিকট যাদুর বাস্তবতা রয়েছে। আর এটা আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ'র মাজহাব (মত)। মুতাযিলাদের বিপরীত।

তারা আল্লাহ তা'আলার এ বাণীর মাধ্যমে দলিল দেয়ঃ

﴿ يُخَيَّلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِمْ أَنَّهَا تَسْعَىٰ ﴾

"তাদের যাদুর প্রভাবে তার নিকট মনে হল যেন সেগুলো ছুটোছুটি করছে।"[63] সুতরাং তিনি বলেছেন, ''তার নিকট মনে হল।''

প্রকৃতপক্ষে যাদুর বাস্তবতা রয়েছে। এব্যাপারে সাহাবীগণের, তাবেয়ীগণের এবং উম্মাহ'র সালাফগণের থেকে অনেক বর্ণনা রয়েছে।

যাদু হল কল্পনা যার কোন বাস্তবতা নেই যেমন পূর্বের আয়াতে বর্ণিত হয়েছে।[64]

দুই দিক থেকে যাদু শিরকের অন্তর্ভুক্ত হয়ঃ

প্রথমঃ যার মধ্যে রয়েছে জ্বিন ও শয়তানদের সেবা চাওয়া এবং আল্লাহকে বাদ দিয়ে তাদের ইচ্ছানুযায়ী তাদের নৈকট্য লাভ করা। যেন তারা যাদুকরকে তার উদ্দেশ্যে পৌঁছে দিতে পারে। আর যাদু হল শয়তানদের শিক্ষা। যেমন তিনি তা'আলা বলেন,

﴿ وَلَٰكِنَّ الشَّيَاطِينَ كَفَرُوا يُعَلِّمُونَ النَّاسَ السِّحْرَ ﴾

"বরং শয়তানরাই কুফরি করেছিল। তারা মানুষকে যাদু শিক্ষা দিত।"[65]

দ্বিতীয়ঃ যার মধ্যে রয়েছে ইলমুল গায়েবের (অদৃশ্যের জ্ঞান) দাবি করা এবং আল্লাহর বৈশিষ্ট্যসমূহের ক্ষেত্রে তার সাথে ঝগড়াবিবাদ করা -

﴿ قُلْ لَا يَعْلَمُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ الْغَيْبَ إِلَّا اللَّهُ ﴾

"আপনি বলুন, আল্লাহ ব্যতীত নভোমন্ডল ও ভূমন্ডলে কেউ অদৃশ্যের জ্ঞান জানে না।"[66] এ ক্ষেত্রে আল্লাহর অংশীদারিত্বের দাবি করা কুফর এবং ভ্রষ্টতা।

---

[63] সুরা ত্বহা-৬৬

[64] এটা হল মুতাযিলাদের মত

[65] সুরা বাকারাহ -১০২

[66] সুরা নামল-৬৫

যাদুকরের হুকুমঃ আলেমগণ যাদুকরের হুকুমের ব্যাপারে ইখতিলাফ (মতভেদ) করেছেন। সে কাফির হবে কি হবে না?

লেখক رَحِمَهُ اللهُ এর কথার বাহ্যিক দিক হল, সে কাফির হয়ে যাবে। আল্লাহ তা'আলার এ বাণীর কারণেঃ

﴿ وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّىٰ يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ﴾

"তারা উভয়েই এই কথা না বলে কাউকে শিক্ষা দিত না যে, আমরা নিছক একটি পরীক্ষা, কাজেই তুমি কুফরি করো না।"[67]

এটা ইমাম আহমাদ, মালিক ও আবু হানিফা رَحِمَهُمُ اللهُ দের মত। এবং জুমহুর (অধিকাংশ) আলেমগণ এর উপরেই রয়েছেন। আয়াতের দৃশ্যমানতা তাই প্রমাণ করে, যে দিকে জুমহুর আলেমগণ মত দিয়েছেন।

শাফেয়ী رَحِمَهُ اللهُ মত দিয়েছেন যে, যখন যাদু শিক্ষা করা হবে তখন বলা হবে, তুমি আমাদের জন্য তোমার যাদুর বিবরণ দাও। অতঃপর সে যদি এমন কিছুর বিবরণ দেয় যা কুফরকে আবশ্যক করে - যেমন তারকাসমূহের নৈকট্য হাসিলের ক্ষেত্রে বাবেল অধিবাসীদের যাদু করা এবং এগুলোর থেকে যা কামনা করা হবে সেগুলো তা করবে - তাহলে সে কাফির হবে। আর যদি সে কুফরের সীমায় না পৌঁছায় এবং তা বৈধ হওয়ার ব্যাপারে বিশ্বাস করে তাহলেও সে হারামকে হালাল মনে করার কারণে কাফির হবে। অন্যথায় হবে না।

যাদুকরকে হত্যা করার হুকুমঃ

আলেমগণ رَحِمَهُمُ اللهُ এই মাস'আলার ক্ষেত্রে দুই বক্তব্যে মতভেদ করেছেনঃ

প্রথম বক্তব্যঃ তাকে হত্যা করা হবে। এটা জুমহুর (অধিকাংশ) আলেমগণের বক্তব্য।

দ্বিতীয় বক্তব্যঃ তাকে হত্যা করা হবে না। তবে যখন সে এমন কাজ করবে যা কুফর পর্যন্ত পৌঁছে দেয়। এটা শাফেয়ী رَحِمَهُ اللهُ এর বক্তব্য।

প্রথম বক্তব্যকারীগণ কয়েকটি দলিলের মাধ্যমে প্রমাণ পেশ করেছেনঃ

তিরমিযী, হাকিম, ইবনে আদী ও দারে কুতনী জুনদুব থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, আল্লাহর রাসুল ﷺ বলেছেন, "যাদুকরের হদ হল তাকে তরবারি দ্বারা হত্যা করা।" সঠিক কথা হল এই আছারটি জুনদুব পর্যন্ত মাওকুফ।

তারা আরো প্রমাণ পেশ করেছেন - আহমাদ এবং অন্যরা সহিহ সনদে বাজালাহ থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, "ওমরের মৃত্যুর এক বছর পূর্বে আমাদের নিকট তার একটি পত্র আসে। তাতে লিখা ছিল -

[67] সুরা বাকারাহ-১০২

তোমরা প্রত্যেক যাদুকরকে হত্যা কর। আবু সুফিয়ান বলেছেন, এবং মহিলা যাদুকরকে। অতঃপর আমরা তিনজন মহিলা যাদুকরকে হত্যা করেছি।''

তারা আরো প্রমাণ পেশ করে - যা হাফসা رضي الله عنها থেকে বর্ণিত হয়েছে - তিনি তার দাসীকে হত্যা করার আদেশ দেন যে তাকে যাদু করেছিল।

সাধারণভাবে যাদুকরকে হত্যা করা হবে বক্তব্যটি সঠিক। আর ওমর, জুনদুব এবং হাফসা رضي الله عنهم দের ব্যাপারে সাহাবীগণের বিপরীত জানা যায় না। নাবী ﷺ থেকে বর্ণিত হয়েছে তিনি বলেন, “তোমরা আমার পরে এই দুই ব্যক্তিকে অনুসরণ কর; আবু বকর এবং ওমর।'' এবং তিনি ﷺ বলেন, “নিশ্চয়ই আল্লাহ ওমরের মুখে ও তার অন্তরে হক্ব নির্ধারণ করেছেন।'' হাদিস সহিহ।

যাদুকর যদি তাওবা করে তাহলে আলেমগণের বক্তব্য অনুযায়ী সঠিক মত হল তার তাওবা গ্রহণ করা হবে। আর যাদুকর সবচেয়ে গুরুতর যে কাজটি করে তা হল শিরক। আল্লাহ মুশরিকদের ব্যাপারে বলেন,

﴿ قُلْ لِلَّذِينَ كَفَرُوا إِنْ يَنْتَهُوا يُغْفَرْ لَهُمْ مَا قَدْ سَلَفَ وَإِنْ يَعُودُوا فَقَدْ مَضَتْ سُنَّةُ الْأَوَّلِينَ ﴾

“যারা কুফরি করেছে আপনি তাদেরকে বলুন, যদি তারা বিরত হয় তাহলে অতীতে যা হয়েছে তাদেরকে তা ক্ষমা করা হবে। আর যদি তারা পুনরায় করে তাহলে পূর্ববর্তীদের (ব্যাপারে আল্লাহর) রীতি তো গত হয়েছে।”[68]

অতএব যাদু করা হল শিরক। যাদু করার মধ্যে রয়েছেঃ তা শিক্ষা করা অথবা তা শিক্ষা দেওয়া অথবা তা করা অথবা এর প্রতি সন্তুষ্ট হওয়া কুফর। কেননা সন্তুষ্ট ব্যক্তি কার্যসম্পাদনকারীর মতই।

যাদুগ্রস্থ ব্যক্তির থেকে যাদুর প্রভাবমুক্ত করাঃ শারীয়াহ'র ভাষায় এই মাস'আলাকে নুশরাহ বলা হয়।

আল্লামা ইবনুল কাইয়্যিম رحمه الله বলেন, “যাদুগ্রস্থ ব্যক্তির থেকে যাদুর প্রভাবমুক্ত করা দুই প্রকারঃ

প্রথমঃ যাদুর মাধ্যমে যাদুর প্রভাবমুক্ত করা। এটা শয়তানের কাজ। হাসানের বক্তব্য এরই প্রমাণ করে - “যাদুকরই একমাত্র যাদুর প্রভাবমুক্ত করে।'' ফলে নাশির (প্রভাবমুক্তকারী) এবং মুনতাশির (যার থেকে প্রভাবমুক্ত করা হয়) শয়তানের নৈকট্য লাভ করে সে যেমন চায়। অতঃপর সে যাদুগ্রস্থ ব্যক্তির থেকে তার কাজ নষ্ট করে দেয়।

দ্বিতীয়ঃ বৈধ ঝাড়ফুঁক, মুআওয়ীযাত, চিকিৎসা এবং দু'আসমূহের মাধ্যমে যাদুর প্রভাবমুক্ত করা জায়েয।''

বুখারি তার সহিহ গ্রন্থে মুআল্লাক্বভাবে বর্ণনা করেছেন, “কাতাদাহ থেকে বর্ণিত - আমি ইবনুল মুসাইয়্যিবকে বললাম, একজন ব্যক্তি যাদুগ্রস্থ হয়েছে অথবা তার স্ত্রীর থেকে তাকে কজা করা হয়েছে।

[68] সুরা আনফাল-৩৮

তার থেকে কি যাদুর প্রভাবমুক্ত করা যাবে অথবা নুশরাহ’র মাধ্যমে তার চিকিৎসা করা যাবে? তিনি বললেন, তাতে কোন সমস্যা নেই। তারা এর মাধ্যমে সংশোধন করতে চায়। সুতরাং যা উপকার করে তা নিষিদ্ধ নয়।”

সুতরাং এটা নুশরাহ’র একটি প্রকার ধরা হবে যাতে কোন বিপদ নেই। কেননা নাবী ﷺ থেকে সহিহ সূত্রে হাদিস বর্ণিত হয়েছে যে, যখন তাকে নুশরাহ সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল তখন তিনি বলেছেন, “এটা শয়তানের কাজ।”

যাদুকর এবং গণকের নিকট যাওয়ার হুকুম কি?

এই মাস’আলা দুই অবস্থা থেকে খালি নয়ঃ

প্রথম অবস্থাঃ মানুষ যাদুকর, গণক, জ্যোতির্বিদ এবং জ্যোতিষীদের নিকট যায় অতঃপর তাদেরকে কোন বিষয়ে জিজ্ঞাসা করে কিন্তু সে ব্যাপারে তাদেরকে সত্যায়ন করে না তাহলে এটা গুরুতর অপরাধ এবং কবিরাহ গুনাহ। ধারাবাহিকভাবে চল্লিশ রাত্রি তার সালাত কবুল হবে না। মুসলিম তার সহিহ গ্রন্থে সাফিয়্যাহ’র হাদিস বর্ণনা করেছেন, তিনি নাবী ﷺ এর এক স্ত্রীর থেকে বর্ণনা করেন, নাবী ﷺ বলেন “যে ব্যক্তি গণকের কাছে যায় অতঃপর তাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করে চল্লিশ রাত্রি তার সালাত কবুল হবে না।”

দ্বিতীয় অবস্থাঃ সে তাদের নিকট গেল অতঃপর তাদেরকে জিজ্ঞাসা করল এবং তাদেরকে সত্যায়ন করল এই ব্যক্তি আমাদের নাবী মুহাম্মাদ ﷺ এর নিকট যা নাযিল করা হয়েছে সে ব্যাপারে অস্বীকারকারী কাফির।

হাকিম সহিহ সনদে আবু হুরায়রাহ رضي الله عنه থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসুল ﷺ বলেছেন, “যে ব্যক্তি জ্যোতিষী অথবা গণকের কাছে গেল অতঃপর সে যা বলে সেটাকে সত্যায়ন করল সে মুহাম্মাদের উপর যা নাযিল করা হয়েছে সেটাকে অস্বীকার করল।”

বাযযার সহিহ সনদে ইবনে মাসউদ থেকে মাওকুফ সূত্রে বর্ণনা করেন, “যে ব্যক্তি গণক অথবা যাদুকরের নিকট যায় অতঃপর সে যা বলে সেটা সত্যায়ন করে সে মুহাম্মাদের উপর যা নাযিল করা হয়েছে সেটাকে অস্বীকার করে।”

লেখক رحمه الله বলেন,

“ইসলাম ভঙ্গের অষ্টম কারণঃ

মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করা এবং তাদের সমর্থন করা। দলিল আল্লাহ তা’আলার বাণীঃ

﴿ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴾

“তোমাদের মধ্য থেকে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিম সম্প্রদায়কে হিদায়াত দান করেন না।”[69]

ব্যাখ্যাঃ

যে ব্যক্তি মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করবে এবং তাদের সমর্থন করবে সে আল্লাহর হুমকি ও ধমকির সম্মুখীন হবে। সে আল্লাহ, তার রাসুল ও মু’মিনদের সাথে বিশ্বাসঘাতকতা করবে এবং সে আল্লাহর অসন্তুষ্টি ও তার শাস্তির উপযুক্ত হবে। তিনি তা’আলা বলেন,

تَرَىٰ كَثِيرًا مِنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِينَ كَفَرُوا ۚ لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ أَنْفُسُهُمْ أَنْ سَخِطَ اللَّهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ ﴿٨٠﴾ وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنْزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَٰكِنَّ كَثِيرًا مِنْهُمْ فَاسِقُونَ ﴿٨١﴾

“আপনি তাদের অনেককে দেখতে পাবেন, যারা কাফিরদের সাথে বন্ধুত্ব করে। তারা যা নিজেদের জন্য পেশ করেছে, তা কত মন্দ যে, আল্লাহ তাদের উপর ক্রোধান্বিত হয়েছেন এবং তারা আযাবেই চিরস্থায়ী থাকবে। আর যদি তারা আল্লাহ ও নাবীর প্রতি এবং যা তার নিকট নাযিল করা হয়েছে এর প্রতি ঈমান আনয়ন করত, তাহলে তারা তাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকে ফাসিক।”[70]

আল্লাহ এটাকে মুনাফিকদের বৈশিষ্ট্যের মধ্যে নির্ধারণ করেছেন, তিনি তা’আলা বলেন,

بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا ﴿١٣٨﴾ الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ ۚ أَيَبْتَغُونَ عِنْدَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا ﴿١٣٩﴾

---

[69] সুরা মায়িদাহ-৫১

[70] সুরা মায়িদাহ ৮০-৮১

"আপনি মুনাফিক্বদেরকে সুসংবাদ দিন যে, তাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি রয়েছে। যারা মু'মিনগণের পরিবর্তে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তারা কি ওদের কাছে সম্মান চায়? সমস্ত সম্মান তো আল্লাহরই।"[71]

যে ব্যক্তি মুশরিকদের সাথে সম্পর্ক করে আল্লাহ তার হুকুম তাদের হুকুমের মতই নির্ধারণ করেছেন। তিনি বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ ۘ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿٥١﴾

"হে ঈমান্দারগণ তোমরা ইহুদী এবং খ্রিষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ কর না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্য থেকে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিম সম্প্রদায়কে হিদায়াত দান করেন না।"[72]

সুতরাং মু'মিনদের বিরুদ্ধে সম্পদ, অন্তর, বুদ্ধি এবং সাহায্য করার ধরনসমূহের কোন একটি ধরন দিয়েও কাফিরদের সাথে বন্ধুত্ব করা জায়েয নেই। যদিও অন্তরে তাদের প্রতি ভালবাসা না থাকে। আল্লাহ এর থেকে কঠিনভাবে সতর্ক করেছেন। তিনি তা'আলা বলেন,

﴿ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ ﴾

"তোমাদের মধ্য থেকে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত।"[73]

এটা এর বাহ্যিকতার উপর সম্পন্ন হয় যে, সে তাদের হুকুমের অন্তর্ভুক্ত হবে।

ইবনে আব্বাস رضي الله عنهما বলেন, "সে তাদের মতই মুশরিক। কেননা যে ব্যক্তি শিরকের প্রতি সন্তুষ্ট থাকে সে মুশরিক।"

ইবনুল কাইয়্যিম 'আহকামু আহলুয যিম্মাহ'তে বলেন, "আল্লাহ ফায়সালা দিয়েছেন যে, - আর তার ফায়সালার চেয়ে উত্তম কোন ফায়সালা নেই - নিশ্চয়ই যে ব্যক্তি ইহুদী ও খ্রিষ্টানদের সাথে ওয়ালা (সম্পর্ক) করবে সে তাদেরই অন্তর্ভুক্ত হবে -

---

[71] সুরা নিসা ১৩৮-১৩৯

[72] সুরা মায়িদাহ-৫১

[73] সুরা মায়িদাহ-৫১

﴿ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ﴾

"তোমাদের মধ্য থেকে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত।"[74]

